

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩৭৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. প্রবল ধারণার উপর ভিত্তি করা

بَابُ الْبِنَاءِ عَلَى غَالِبِ الظَّنِّ

## আরবী

حَدَّتَنَا الْقَاضِي الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا يُوسُفُ بْنُ مُوسَى ، ثَنَا جَرِيرٌ عَنْ مَنْصنُورِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ قَالَ : قَالَ عَبْدُ اللَّهِ : صَلَّى رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ إِبْرَاهِيمَ ءَنْ عَلْقَمَةَ قَالَ : قَالَ عَبْدُ اللَّهِ : صَلَاةً قِالَ إِبْرَاهِيمُ : فَلَا أَدْرِي أَزَادَ أَمْ نَقَصَ فَلَمَّا سَلَّمَ قِيلَ لَهُ : يَا رَسُولَ اللَّهِ ، وَسَلَّةَ قَالَ إِبْرَاهِيمُ : فَلَا أَدْرِي أَزَادَ أَمْ نَقَصَ فَلَمَّا سَلَّمَ قِيلَ لَهُ : يَا رَسُولَ اللَّهِ ، أَحَدَثَ فِي الصَّلَاةِ شَيْءٌ ؟ قَالَ : " لَا وَمَا ذَاكَ " . قَالُوا صَلَّيْتَ كَذَا وَكَذَا فَتَنَى رِجْلَيْهِ وَاسْتَقْبَلَ الْقِبْلَةَ وَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ سَلَّمَ فَلَمَّا سَلَّمَ أَقْبُلَ عَلَيْنَا بِوَجْهِهِ فَقَالَ : " إِنَّهُ لَوْ وَاسْتَقْبَلَ الْقِبْلَةَ وَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ سَلَّمَ فَلَمَّا سَلَّمَ أَقْبُلَ عَلَيْنَا بِوَجْهِهِ فَقَالَ : " إِنَّهُ لَوْ وَاسْتَقْبَلَ الْقِبْلَةَ وَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ سَلَّمَ فَلَمَّا سَلَّمَ أَلْنَا بَشَرٌ أَنْسَى كَمَا تَنْسَوْنَ فَإِذَا نَسِيتُ فَذَكِّرُونِي وَإِذَا شَكَّ أَحُدُكُمْ فِي صَلَاتِهِ فَلْيَتَحَرَّ الصَّوَابَ ثُمَّ يُتِمَّ عَلَيْهِ ثُمَّ يُسَلِّمْ ثُمَّ يَسْجُدُ سَجْدَتَيْنِ

## বাংলা

১৩৭৮(১). আল-কাষী আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আলকামা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবদুল্লাহ (রাঃ) বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক ওয়াক্তের নামায পড়লেন। ইবরাহীম (রহঃ)-এর বর্ণনায় আছে, আমি বলতে পারি না তিনি বেশী পড়েছেন না কম পড়েছেন। তিনি সালাম ফিরালে পর তাঁকে বলা হলো, ইয়া রাসূলাল্লাহ! নামাযের মধ্যে কি নতুন কিছু ঘটেছে? তিনি বলেনঃ না, তা কি? তারা বলেন, আপনি এরূপ নামায পড়েছেন। অতএব তিনি পিছনে মোড় দিয়ে কিবলামুখী হয়ে দু'টি সিজদা করেন, তারপর সালাম ফিরান। তিনি সালাম ফিরানোর পর আমাদের দিকে মুখ ফিরিয়ে বলেনঃ নামাযের মধ্যে নতুন কিছু ঘটলে আমি তোমাদের তা অবহিত করতাম। কিন্তু আমি একজন মানুষ, তোমরা যেমন ভুলে যাও, আমিও তেমন ভুলে যাই। আমি ভুলে গেলে তোমরা আমাকে স্মরণ করিয়ে দিও। তোমাদের কেউ তার নামাযে সন্দেহে পতিত হলে সে যেন সঠিক সিদ্ধান্তে পৌঁছার জন্য চিন্তাভাবনা করে, অতঃপর এর ভিত্তিতে নামায পূর্ণ করে, এরপর সালাম ফিরাবে, এরপর দু'টি সিজদা করবে।



## হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন